

নির্বাহী প্রকৌশলীর কার্যালয়			
গণপূর্ত ই/এম এর আই এম বিভাগ-২, ঢাকা।			
ডায়েরী নং- ১২০	তারিখঃ- ০৭/০১/১৪	স্বাক্ষরঃ	
অঃ সঃ	সঃ প্রঃ	উঃ বিঃ প্রঃ	নিঃ প্রঃ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রধান প্রকৌশলীর কার্যালয়  
গণপূর্ত অধিদপ্তর  
হিসাব শাখা-১  
পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা।  
www.pwd.gov.bd

স্মারক নম্বর: ২৫.৩৬.০০০০.২৩১.২০.০১২.২১.২

তারিখ: ২০ পৌষ ১৪৩০

০৪ জানুয়ারি ২০২৪

বিষয়: গণপূর্ত অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন "চট্টগ্রামের ৩৬টি পরিত্যক্ত বাড়িতে সরকারি কর্মকর্তা/কর্মচারীদের জন্য আবাসিক ফ্ল্যাট নির্মাণ" শীর্ষক প্রকল্পের (প্রকল্প কোড নং-২২৪২৭৪৪০০) এর অনুকূলে ২০২৩-২০২৪ অর্থ বছরে ২য় কিস্তির অর্থ বরাদ্দ।

উপর্যুক্ত বিষয়ে সদয় দৃষ্টি আকর্ষণ পূর্বক জানানো যাচ্ছে যে, বর্ণিত প্রকল্পের কাজে চলতি ২০২৩-২০২৪ আর্থিক সালে খরচ করার জন্য ২য় কিস্তি বাবদ মোট=৩৭২৬.৮৭ লক্ষ (সাঁইত্রিশ কোটি ছাব্বিশ লক্ষ সাতাশি হাজার) টাকা মাত্র নিম্নবর্ণিত বিভাজন মোতাবেক বরাদ্দ প্রদান করা হলোঃ

গণপূর্ত সার্কেল	গণপূর্ত বিভাগ	কিস্তির নাম	কোড/খাতের বিবরণ		অর্থ বরাদ্দ (লক্ষ টাকা)		
			কোড নং	খাতের নাম	আবর্তক	মূলধন	মোট
গণপূর্ত রক্ষণাবেক্ষণ সার্কেল, ঢাকা	গণপূর্ত রক্ষণাবেক্ষণ বিভাগ, চট্টগ্রাম	২য়	৩২২১১০৫	টেস্টিং ফি	২.০০	--	২.০০
			৪১১১১০১	আবাসিক ভবন	--	৩৬২৪.৮৭	৩৬২৪.৮৭
গণপূর্ত ই/এম সার্কেল, চট্টগ্রাম	গণপূর্ত ই/এম বিভাগ-১, চট্টগ্রাম		৪১১২৩০৩	বৈদ্যুতিক সরঞ্জামাদি	--	১০০.০০	১০০.০০
মোট=					২.০০	৩৭২৪.৮৭	৩৭২৬.৮৭

উক্ত খরচ তত্ত্বাবধায়ক প্রকৌশলী, গণপূর্ত ই/এম সার্কেল, চট্টগ্রাম ও প্রকল্প পরিচালক এর স্মারক নং/৩৭৫ তারিখ-২৮/১২/২০২৩খ্রিঃ এর দ্বারা মঞ্জুরীকৃত মোট=৩৭২৬.৮৭ লক্ষ টাকা উন্নয়ন বাজেটের মঞ্জুরী নং-২৯ গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়ের হিসাবের কোড নং-৩২১১১০৫, ৪১১১১০১ এবং ৪১১২৩০৩ খাতসমূহের ২০২৩-২০২৪ অর্থ বছরের এডিপিতে বরাদ্দকৃত অর্থ হতে সংকুলান/বহন করতে হবে। উক্ত অর্থ প্রাপ্তির সাথে সাথে অর্থ প্রাপ্তির স্বীকৃতি প্রদান করতে হবে।

উক্ত অর্থ সকল প্রকার আর্থিক বিধি-বিধান, নিয়মাচার যথাযথভাবে পালন/পর্যবেক্ষণ পূর্বক খরচ করতঃ এ অধিদপ্তরকে অবহিত করতে অনুরোধ করা যাচ্ছে। উক্ত অর্থ খরচ করার পূর্বে নিম্নোক্ত শর্তসমূহ আবশ্যিকভাবে অনুসরণ করতে হবেঃ

শর্তঃ

- ১) বরাদ্দকৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে Public Procurement Act (PPA-2006) এবং Public Procurement Rules (PPR)-2008 (সর্বশেষ সংশোধিত) এবং প্রচলিত আর্থিক বিধি-বিধান ও অন্যান্য নিয়মাবলী যথাযথভাবে প্রতিপালন করতে হবে।
- ২) বরাদ্দকৃত অর্থ অনুমোদিত ডিপিপি অংগভিত্তিক বরাদ্দ অনুযায়ী ব্যয় করতে হবে।
- ৩) উপরোক্ত অর্থ শুধুমাত্র বরাদ্দের অংক নির্দেশ করে (শুধু ও মূল্য সংযোজন কর এবং পুনর্ভরণযোগ্য প্রকল্প সাহায্যের জন্য বরাদ্দ টাকা এই অংকের বহির্ভূত)।
- ৪) অর্থ ব্যয়/এ কাজের বিল পরিশোধের ক্ষেত্রে কোন অনিয়ম উদ্ঘাটিত হলে বিল পরিশোধকারী দায়ী থাকবে।
- ৫) চলতি আর্থিক সালে বরাদ্দকৃত অর্থ খরচ করতে হবে এবং খরচের হিসাব এ দপ্তরে দাখিল করতে হবে।